দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 NOV 1988
পৃষ্ঠা ৮ কলাম ১

# শিক্ষাঙ্গন

## মাধ্যমিক স্তরে ভূগোল

মাধ্যমিক স্তরে প্রত্যেক বিভাগের জন্য আবশ্যিক বিষয়গুলোর মধ্যে অন্যতম বিষয় হচ্ছে ভূগোল। ১৯৮৫ সালের এসএসসি পরীক্ষা হতে এটিকে আবশ্যিক বিষয়রূপে অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু এ বিষয়টি আবশ্যিক হিসাবে অন্তর্ভুক্ত করাটা কতটা যুক্তিযুক্ত ও যথার্থ এটা নিয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে। এ সম্বন্ধে অনেক লেখালেখি হয়েছে, কিন্তু বাস্তব কোন পদক্ষেপ নেয়া হয়নি। নতুবা এগুলো একতরফাভাবে বাধ্যতামূলক করে শিক্ষাকে সংকীর্ণ করা হবে কেন। উচ্চতর শ্রেণীসমূহে ভূগোল বিষয়টি মানবিক বিভাগের ঐচ্ছিক বিষয়সমূহের অন্ত[illegible] ভূগোল শিক্ষামূলক ও আনন্দদায়ক বিষয় সন্দেহ নেই তবে কথা হলো, শিক্ষামূলক হলেও এটা আবশ্যিক হিসাবে অন্তর্ভুক্ত করার যোগ্য কি-না তা বিবেচনা করে দেখা প্রয়োজন ছিল। তাছাড়া সব ছাত্রই যে এটিকে আনন্দদায়ক হিসেবে গ্রহণ করবে এমন নয়।

প্রসঙ্গতঃ অতি লজ্জার বিষয় হলেও বলা প্রয়োজন যে, আমাদের শিক্ষা সম্পূর্ণ বাস্তবমুখী নয়। সামগ্রিকভাবে আমাদের শিক্ষা ব্যবস্থা এখনও হাতে-কলমে শেখার স্তরে আসেনি। ফলে বর্ণনামূলক বিষয়সমূহ অধ্যয়নের মাঝে ছাত্ররা কোন আনন্দ খুঁজে পায় না। আমাদের মাধ্যমিক স্তরের ভূগোল বইয়ের অধিকাংশ অংশ বর্ণনামূলক— যার সাথে হাতে-কলমে পরিচয় হওয়ার সুযোগ নেই।

সুতরাং ছাত্রদের সেগুলো মুখস্ত করতে হয়। তাই ছাত্রদের এ ব্যাপারে বিতৃষ্ণা আসাটা অস্বাভাবিক নয়। আর বাকি অংশটা যেটা আনন্দদায়ক ও গুরুত্বপূর্ণ সেটা সুন্দর পরিকল্পনার অভাবে, আকর্ষণীয় হয়ে উঠছে না। আমাদের শিক্ষা ব্যবস্থা এমনিতেই সংকীর্ণ। তাছাড়া শিক্ষা গ্রহণের পথটা সঙ্কটাকীর্ণ। সেজন্য ছাত্রসমাজের এমন একটা শিক্ষা ব্যবস্থা আশা করা অন্যায় হবে না, যা শিক্ষার সংকীর্ণ পথকে কাটিয়ে তাদের প্রতিভা বিকাশে সহায়ক হবে।

ভূগোল বিষয়টিকে এহেন অবস্থায় বাধ্যতামূলক না করে ঐচ্ছিক করা প্রয়োজন। এবং [illegible]ত সাধারণ বিজ্ঞান ও সমাজবিজ্ঞানে তিন শ' নম্বর বরাদ্দ করা প্রয়োজন। কারণ, তিনটি পূর্ণ বিষয়ে দু'শ' নম্বর বরাদ্দ করে আবশ্যিক হিসাবে ভূগোলকে রাখার যুক্তিযুক্ত কোন কারণ নেই।

সুতরাং এহেন পরিস্থিতিতে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারেঃ

১। ইতিহাস ও ভূগোলের সমন্বয়ে একটি আবশ্যিক বিষয় প্রস্তাব করা যায়, যেখানে ইতিহাস ও ভূগোলের গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় বিষয়সমূহ স্থান পাবে এবং যা ছাত্রদের দুটো বিষয়ে প্রাথমিক জ্ঞান দান করবে।

২। ভূগোলকে ঐচ্ছিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করে সমন্বিত বিজ্ঞান অথবা সমাজবিজ্ঞানের জন্য পূর্ণ তিন শ' নম্বর বণ্টন করা যেতে পারে।

—মোহাম্মদ আজিজুর রহমান সুমন

## শিক্ষকদের সমস্যা ও সমাধান

গত ৩১ অক্টোবর দৈনিক ইনকিলাবের শিক্ষাঙ্গন কলামে শিক্ষকদের সমস্যা এবং সমাধান শীর্ষক শিরোনামে লেখক মোঃ বাছেদ মিয়া বাসুর লেখার বক্তব্যের সাথে আমি সম্পূর্ণ একমত। শিক্ষকরা আমাদের সমাজের সর্বাধিক শ্রদ্ধেয় এবং মর্যাদাসম্পন্ন ব্যক্তিত্ব। অথচ বেঁচে থাকার জন্য ন্যূনতম সুযোগ-সুবিধা আমরা তাদের প্রদান করতে পারছি না। আমাদের মত একটি দরিদ্র ও উন্নয়নশীল দেশে সমস্যা থাকবেই। কিন্তু সমস্যাকে প্রশ্রয় দিয়ে তার ভয়াবহতা এবং সমাজের উপর তার বিষময় প্রতিক্রিয়া প্রভাবিত হবার আগেই তার সমাধান প্রয়োজন। শিক্ষকদের সকল সমস্যা সহানুভূতির সাথে বিবেচনা করে দেখার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি আকুল আবেদন জানাচ্ছি।

—ফারহানা ইসলাম আমীন,
[illegible] স্যার ইকবাল রোড,
বাইতীপাড়া, খুলনা-৯০০০।